

গর্ভাবস্থা : অঙ্গনওয়াড়ি কেন্দ্র শুরুতেই নাম লেখানো

নাম লেখানো:

- ❖ কোনও মহিলাকে গর্ভাবস্থার প্রথম তিনমাসের মধ্যেই সহায়ক সেবিকা ও অঙ্গনওয়াড়ি কর্মী-র কাছে অবশ্যই নাম লিখিয়ে দিতে হবে।
- ❖ তা না হলেও যদি কোনও গর্ভবতী মহিলা দেরিতে নাম লেখাতে আসেন তাহলেও কিন্তু ফেরানো চলবে না, তাঁর নাম লেখাতেই হবে এবং তাঁর গর্ভাবস্থা (গর্ভাধানের মেয়াদ) অনুযায়ী তাকে সুরক্ষা যোগাতে হবে।
- ❖ সহায়ক সেবিকা/অঙ্গনওয়াড়ি কর্মী-কে মা ও শিশু সুরক্ষা কার্ডের সবকটি শিরোনামের তাৎপর্য ও প্রাসংগিকতা ব্যাখ্যা করে বুঝিয়ে দিতে হবে। আর গর্ভবতী এবং/বা তার পরিবারের অন্য সদস্যদের যেটা স্পষ্ট হলো না সেসম্পর্কে প্রশ্ন করায় উৎসাহ যোগাতে হবে ও না-বোঝা বিষয়টি ভালো করে বুঝিয়ে দিতে হবে।



অঙ্গনওয়াড়ি কেন্দ্র-তে
তাড়াতাড়ি নাম
লেখানোর সুবিধা

• • •

- ❖ নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানো।
- ❖ প্রতিবার দেখাতে গেলেই রক্ত ও প্রস্তাব পরীক্ষার সুবিধা।
- ❖ ইন্দিরা গান্ধী মাতৃত্ব সহযোগ যোজনা (আই.জি.এম.এস.ওয়াই.) ও জননী সুরক্ষা যোজনা (জে.এস.ওয়াই.)-এর আওতায় নানা ধরনের উৎসাহ ভাতা পাওয়ার অধিকার লাভ।
- ❖ অঙ্গনওয়াড়ি কেন্দ্র-তে এই ধরনের নানা সুযোগ সুবিধা পাওয়ার ব্যবস্থা।
- ❖ প্রয়োজন হলে এবং আপৃকালীন ক্ষেত্রে গর্ভপাতের প্রয়োজন দেখা দিলে যথা সময়ে তা করার সুবিধা।

যা যা করতে হবে :

- ❖ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মীদের বাড়ি বাড়ি যেতে হবে। বিশেষ করে নতুন বিবাহিত দম্পত্তি, গর্ভবতী মহিলা প্রভৃতির কাছে পৌঁছাতে হবে এবং তাদের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে তাড়াতাড়ি নাম লেখানোর সুবিধাগুলি জানাতে হবে।
- ❖ নিজের এলাকার সব গর্ভবতী মহিলাকে চিনে রাখতে হবে।
- ❖ সুবিধা প্রাপক (অঙ্গনওয়াড়ি সহযোগী/স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মী দ্বারা নথিভুক্ত করা)-দের স্বনির্ভর গোষ্ঠী, মায়েদের সমিতি, সুসংহত শিশু বিকাশ পরিষেবা প্রকল্পের সুবিধাভোগী প্রভৃতির মাধ্যমে গ্রাম স্বাস্থ্য ও পুষ্টি দিবস (গ্রা.স্বা.পু.দি.)-এর জন্য উদ্বৃদ্ধ করতে হবে।
- ❖ গর্ভবতী মহিলা ও তাদের পরিবারের সঙ্গে আলোচনা করে তাদের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে তাড়াতাড়ি নাম লেখানোর জন্য পরামর্শ দিতে হবে।
- ❖ যেসব গর্ভবতী মহিলা নাম লিখিয়েছেন, তাদের বিশদ বিবরণ ও প্রাপ্য সুযোগ সুবিধার খতিয়ান রাখতে হবে।



সহায়ক সেবিকা/অঙ্গনওয়াড়ি কর্মীদের সুনিশ্চিত করা চাই

- ❖ সমস্ত গর্ভবতী মহিলার নাম যেন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে লেখানো হয়ে গিয়ে থাকে এবং তাদের পরিষেবা দেওয়ানোর ব্যাপারে ও প্রসবের আগে তিনটি স্বাস্থ্য পরীক্ষা করার সুবিধা যাতে দেওয়া যায়, তা দেখতে হবে।
- ❖ মা ও শিশুর সুরক্ষা কার্ডে গর্ভাধানের মাসটি উপযুক্ত কলমে লিপিবদ্ধ করে নাম লেখানোর তারিখটিও সঠিক জায়গায় লিখে রাখতে হবে।
- ❖ প্রত্যেক সহায়িকা যাতে নিজ নিজ অঙ্গনওয়াড়ি কেন্দ্র/উপকেন্দ্র বা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের খাতায় ঐ সহায়ক সেবিকা/অঙ্গনওয়াড়ি কর্মী যে সব গর্ভবতী মহিলাদের নাম লিখিয়েছে তা সুনিশ্চিত করতে হবে।
- ❖ নির্দিষ্ট সময়ের মধ্যে গর্ভবতী মহিলা যে প্রসবের আগে স্বাস্থ্য পরীক্ষার জন্য আসছেন তা সুনিশ্চিত করতে হবে।
- ❖ মা ও শিশু সুরক্ষা কার্ড প্রত্যেক বার স্বাস্থ্য পরীক্ষার সময় সঙ্গে নিয়ে আসতে হবে এবং দেখাতে হবে।